দৈনিক ইত্তেফাক

তারিখ 21 AUG 199[illegible]
পৃষ্ঠা ২ কলাম ৬

৮০

31

## শিক্ষক ও শিক্ষা

গাঁও-গেরামের একটা প্রবাদ : যার নাই কোন গতি, সেই করে পণ্ডিতি। বর্তমানে আমাদের দেশে মাধ্যমিক স্তরের শিক্ষা সম্পর্কে কথাটি অনেকাংশে সত্য। বেতনের স্বল্পতার জন্য, মেধাবী ছেলেরা পেশা হিসাবে শিক্ষকতা পছন্দ করে না। তাই যাহাদের গতি নাই, তারাই আসিয়া ভীড় করেন শিক্ষা ক্ষেত্রে। ফলে শিক্ষার মান ক্রমশঃ পড়িয়া যাইতেছে। শিক্ষার এই অবক্ষয় রোধকল্পে শিক্ষকদের বেতন বৃদ্ধি করা আবশ্যক। তাহা হইলেই মেধাবী ছেলেরা এদিকে আকৃষ্ট হইবে। এই ব্যাপারে কর্তৃপক্ষকে ভাবিয়া দেখিবার জন্য অনুরোধ করিতেছি।

—জাহিদ/রেজাউল, ১ম বর্ষ সম্মান (পুরাতন) রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।